# সোনালী ব্যাংক পিএলসি

রুহিতপুর শাখা,ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ- প্রতিষ্ঠান " **মিজান আলু পিয়াজ ষ্টোর** " মালিক জনাব - মোঃ মিজানুর রহমান, পিতাঃ মরন মিয়া ,স্থায়ী ঠিকানা- গ্রামঃ ধর্মশুর পশ্চিম, ডাকঘরঃ রুহিতপুর, থানাঃ কেরাণীগঞ্জ,জেলাঃ ঢাকা । ব্যবসায়িক ঠিকানাঃ রুহিতপুর বাজার, রুহিতপুর,কেরাণীগঞ্জ, ঢাকা ।

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ০১.০৬.২০২৫ তারিখ পর্যন্ত ১০,০০,৯৪২ ( **দশ** লক্ষ নয়শত বিয়াল্লিশ টাকা) মাত্র এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে:

## বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

জিলা-ঢাকা, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- কেরাণীগঞ্জ মৌজা- ধর্মশুর, জেএল নং-সি.এস-৪০৯, এস.এ-৪০৯, আর.এস- ৬৩। খতিয়ান নং- সি.এস -১৯৪, এস.এ-১৭২, আর.এস- ৪০০, নামজারি খতিয়ান নং-৪০০,৬৩/ কাত, জোত নং-১৬৪৯। দাগ নংঃ সি.এস -৩৪০, এস.এ -৩৪০, আর.এস- ৫৬৯। জমির পরিমান-৩০ ( ত্রিশ) শতাংশের কাতে ২৯৬৯ (দুই হাজার নয়শত উনসত্তর ) অযুতাংশ মাত্র । তদস্থিত নির্মিত নির্মিতব্য যাহা কিছু আছে । মালিক । মালিক মোঃ মিজানুর রহমান , পিতাঃ মরন মিয়া

যাহার চৌহদ্দি উত্তরে- হাকিম আলী, দক্ষিনে- আশ্রাফ আলী, পূর্বে- মহব্বত আলী, এবং পশ্চিমে- আকমত আলী ।

## শর্তসমূহ ঃ

০১। আগামী ৩০/০৭/২০২৫ তারিখ বেলা ৪:০০ ঘটিকার মধ্যে দরপত্র নিয়ন্ত্রনকারী কার্যালয় প্রিন্সিপাল অফিস, ঢাকা সাউথ, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রিন্সিপাল অফিস, ঢাকা সাউথ, ঢাকায় পৌছাইতে হইবে।

০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষ কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫। দরপত্রে উল্লেখিত মালামাল /তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পতির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮। ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত যাবতীয় কর তথা সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানি বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য ডিক্রিদার ব্যাংকের সহিত যোগাযোগ করিতে পারিবেন ।

02/06/25

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ( শাখা প্রধান)
মোবাইল ঃ ০১৭১৪০১৩১৮৭